



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

প্রেস রিলিজ

মুজিববর্ষ উপলক্ষে ববিতে শীতবস্ত্র বিতরণ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩১শে ডিসেম্বর ২০২০

মুজিববর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। অদ্য ৩১ শে ডিসেম্বর ২০২০ তারিখ দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন শীতবস্ত্র বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন। এসময় বরিশাল বিশ্ববিদ্যালয়ের দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী ও এলাকার দুস্থদের মাঝে শতাধিক শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়। বিতরণকালে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম, প্রক্টর ড. সুব্রত কুমার দাস, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুহাম্মদ মিজানুর রহমান, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম সেরনিয়াবাত, বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের নেতৃবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয় শীতবস্ত্র বিতরণ কর্মসূচি উদ্বোধন কালে শীতাত্তসহ সমাজের অসহায় ও দুস্থ মানুষের পাশে এগিয়ে আসার আহবান জানান। এক্ষেত্রে উপাচার্য মহোদয় সমাজের বিভিন্ন পর্যায়ের প্রাতিষ্ঠানিক, সাংগঠনিক ও ব্যক্তিপর্যায়ের উদ্যোগের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, সকলের সম্মিলিত প্রয়াস ও প্রচেষ্টার মাধ্যমেই গড়ে উঠবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বপ্নের সোনার বাংলাদেশ। শীতবস্ত্র বিতরণ শেষে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের নবনির্মিত “রিমোট এন্ড সেন্সিং জিআইএস” ও “মিনেরালোজি এন্ড পেট্রোলজি” নামক ০২টি ল্যাব উদ্বোধন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়